

## 💵 ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ঈমান

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৮৭) ক্যামেরার মাধ্যমে ছবি উঠানোর বিধান কী?

উত্তর: ক্যামেরার মাধ্যমে ছবি তোলাতে কোনো অসুবিধা নেই। কারণ, এ জন্য হাতে কোনো প্রকার কাজ করতে হয় না। এই যে, ছবি তোলার উদ্দেশ্য কী? উদ্দেশ্য যদি হয় ছবিকে সম্মান করা, তা হলে হারাম হবে। কারণ, নিষিদ্ধ উদ্দেশ্য বাস্তবায়নের জন্য মাধ্যম ও উপকরণ ব্যবহার করাও হারাম। তাই স্মৃতি সংরক্ষণের উদ্দেশ্যে ছবি সংগ্রহ করা নিষেধ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন,

«لاَ تَدْخُلُ المَلائِكَةُ بَيْتًا فِيهِ صُورَةٌ»

"যে ঘরে ছবি রয়েছে, সেই ঘরে আল্লাহর রহমতের ফিরিশতা প্রবেশ করে না।"[1] এ হাদীসটি প্রমাণ করে যে, ঘরে ছবি রাখা অথবা দেওয়ালে ঝুলিয়ে রাখা জায়েয়ে নয়।

## ফুটনোট

[1] সহীহ বুখারী, অধ্যায়: কিতাবুল লিবাস।

Source — https://www.hadithbd.com/books/link/?id=619

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন